রাজশাহী বিশ্ববিদ্যালয়
১ম বর্ষ বি.এসসি. (সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষা, ২০২৩-২০২৪

**ইউনিট-C (1, 2, 3, 4 এবং 5-Non-Science)**

# ১ম নির্বাচন বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শুন্য আসনের ভিত্তিতে **১ম নির্বাচন ও অপেক্ষমান তালিকা** প্রকাশ করা হল।

**নির্বাচিত ভর্তিচ্ছুদের** আগামী **১২-০৫-২০২৪, ১৩-০৫-২০২৪** এবং **১৪-০৫-২০২৪ সকাল ০৯:৩০টা থেকে দুপুর ১২:৩০টার এবং দুপুর ২:৩০টা থেকে ৪:৩০টার মধ্যে** নিচে বর্ণিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ সম্পন্ন করে কাগজপত্র যাচাইয়ের জন্য নিম্নের দপ্তরে উপস্থিত হতে হবে।

| গ্রুপ | দপ্তর |
|---|---|
| সি-১<br>সি-২ | কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবন |
| সি-৩ | সভাপতির কক্ষ, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, কক্ষ নং ৪৪২, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবন |
| সি-৪ | সভাপতির কক্ষ, গণিত বিভাগ, কক্ষ নং ৩৩৫, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবন |
| সি-৫ (অবিজ্ঞান), শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান ও পোষ্যকোটা | বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০৩, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবন |

**নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না।** শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ দেওয়া হলো।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৪টা) বিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০২৫৮৮৮৬৪২১৮)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

১২-০৫-২০২৪ থেকে ১৪-০৫-২০২৪ বিকাল ৪:০০টার পূর্ব পর্যন্ত অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (**Stop automigration**) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (**Opt-out**) করা যাবে।

এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।

| তালিকা | প্রকাশের সম্ভাব্য তারিখ | ভর্তির সম্ভাব্য তারিখ |
|---|---|---|
| ২য় নির্বাচন তালিকা | ১৬ মে ২০২৪ অপরাহ্ণ | ২১ ও ২২ মে, ২০২৪ |
| ৩য় নির্বাচন তালিকা | ২৩ মে ২০২৪ অপরাহ্ণ | ২৭ ও ২৮ মে, ২০২৪ |
| ৪র্থ নির্বাচন তালিকা | ৩০ মে ২০২৪ অপরাহ্ণ | ৩ ও ৪ জুন, ২০২৪ |

**ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:**

১. ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩২৪.০০ টাকা (পাঁচ হাজার তিনশত চব্বিশ টাকা মাত্র) জমা দিতে হবে। **[টাকা জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি** http://admission.ru.ac.bd **থেকে জানা যাবে।]**

২. **পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।**

৩. অনলাইনে http://admission.ru.ac.bd-তে (১১-০৫-২০২৪ অপরাহ্ণ থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।

৪. সকাল ৯:৩০টা থেকে দুপুর ১২:৩০টা এবং দুপুর ২:৩০টা থেকে ৪:৩০টার এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে উপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
   - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত **[দুই কপি জমা দিতে হবে]**
   - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট **[জমা দিতে হবে]**
   - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র **[জমা দিতে হবে]**
   - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড **[দেখাতে হবে]**
   - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট একটি কপি **[জমা দিতে হবে]**

৫. কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলভ্রান্তি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**০৬ মে ২০২৪**

(প্রফেসর ড. নাসিমা আখতার)
চীফ কো-অর্ডিনেটর
১ম বর্ষ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি
ও ডীন, বিজ্ঞান অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি **4388** বা **Dean, Faculty of Science (RU)** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে অবশ্যই ভর্তিচ্ছুর **ভর্তি পরীক্ষার রোল নম্বর** বসাতে হবে।
৫. টাকার পরিমাণ (**1000**) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নম্বরের গোপন পিন নম্বর টাইপ করুন।

বিশেষ দ্রষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের প্রিন্ট কপি অনুষদ অফিসে জমা দিতে হবে।